**কবিতা/গল্প প্রকাশ**



**নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১**



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921** ।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 28 JANUARY 2026 ,WEDNESDAY | ২৮ জানুয়ারি ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-58


## কোচবিহার জেলা সৃষ্টিশ্রী মেলার উদ্বোধন করলেন মন্ত্রী




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ২৭ জানুয়ারি : রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর অনুপ্রেরণায় মঙ্গলবার কোচবিহার রাসমেলা ময়দানে আয়োজিত কোচবিহার জেলা সৃষ্টিশ্রী মেলার উদ্বোধন করলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। জানা গেছে মেলায় জেলার স্বনির্ভর গোষ্ঠীগুলি তাদের হস্তশিল্পের সম্ভার নিয়ে মেলায় হাজির থাকছেন। মেলা চলবে ফেব্রুয়ারি মাসের পাঁচ তারিখ পর্যন্ত। উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমের চেয়ারম্যান পার্থপ্রতিম রায় সহ জেলা প্রশাসনের আধিকারিকগন।

## প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তা প্রদান করলেন দার্জিলিং এর সাংসদ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২৭ জানুয়ারি : দুহাজার পচিশ সালের অক্টোবর মাসে প্রচন্ড বর্ষা ও ভূমিধসের কারণে দার্জিলিং জেলার পাহাড়ি এলাকায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। ভূমধসের কবলে পড়ে গৃহহীন হয়ে পড়েন বেশ কিছু মানুষ। মমঙ্গলবার দার্জিলিং পাহাড়ে আয়োজিত এক সভায় ভুমিধসে গৃহহীন বারোটি পরিবারের হাতে আর্থিক সহায়তা তুলে দেন দার্জিলিং এর সাংসদ রাজু বিস্ত। তিনি জানান তার বেতন ও নিজস্ব তহবিল থেকে তিনি প্রতিটি পরিবারকে একলক্ষ করে মোট বারো লক্ষ টাকা দিয়েছেন। সাংসদ আরও জানান তিনি তার সাংসদ উন্নয়ন তহবিল থেকে ফাঞ্চায়েতর ফেদিখোলা রাস্তা সংস্কারের জন্য পঞ্চাশ লক্ষ ও লোধোমা পাবলিক গ্রাউন্ডের উন্নয়নের জন্য দশ লক্ষ টাকা অনুমোদন করে জেলা শাসকের নিকট প্রয়োজনীয় কাগজপত্র পাঠিয়েছেন। জেলাশাসক কতদিনে সেই টাকার কাজের অনুমোদন দেবেন তার জন্য অপেক্ষায় থাকতে হচ্ছে। এ বিষয়ে তিনি মন্তব্য করেন রাজনৈতিক পক্ষপাতিত্ব বর্জন করে উন্নয়নের কাজকেই সকলের অগ্রাধিকার দেওয়া উচিত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিজেপির পশ্চিমবঙ্গের নির্বাচনী পর্যবেক্ষক বিপ্লব দেব সহ অন্যান্য নেতৃত্ব।

## বিজেপির সভামঞ্চ ভাংচুর ও অগ্নিসংযোগের প্রতিবাদে মিছিলে শুভেন্দু-ইন্দ্রনীল



এই যুগ , কলকাতা : ২৫ জানুয়ারি রবিবার সন্ধ্যায় দক্ষিণ কলকাতার বেহালার সখের বাজারে ভারতীয় জনতা পার্টির সভা মঞ্চে দুষ্কৃতী দ্বারা অগ্নি সংযোগ করার প্রতিবাদে ২৬শে ডিসেম্বর সোমবার প্রজাতন্ত্র দিবসের দিন প্রতিবাদ মিছিলে সরব বিজেপি। উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ সহ বিজেপি নেতৃত্ব। এদিন সখের বাজার সভামঞ্চ থেকে মিছিল করে ঠাকুরপুকুর থানাতে ডেপুটেশন দিতে পৌঁছায় ভারতীয় জনতা পার্টির বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ সহ নেনেতা কর্মীরা। মিছিল থেকে রাজ্যের শাসকদলের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুভেন্দু অধিকারী ছাড়াও এদিন রাজ্য সরকারের বিরুদ্ধে ক্ষোভ উগড়ে দেন বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ। ডাঃ ইন্দ্রনীল খাঁ জানান - ২৬ নির্বাচনে পতন আসন্ন, ভয় পেয়ে এই সব কাজ করছে ।মঞ্চ পড়ানোর ছবি এক সময় বিহারে দেখা যেত ,এখন বাংলাতে। বিহারের দুষ্কৃতি রাও মানুষ হয়েছে বিজেপি আসায় ,এবার বাংলার দুষ্কৃতিদের পালা । বিজেপি সরকার আসলে দুষ্কৃতি রাও শিক্ষা পাবে সঠিক ভাবে, কটাক্ষ ও করেন বিজেপি যুব মোর্চার রাজ্য সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ।

## চিতাবাঘের হানায় জখম সাত জন ,ক্ষুব্ধ জনতা পিটিয়ে মারলো চিতাবাঘটিকে



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ২৭ জানুয়ারি : চিতাবাঘের হামলায় জখম হলো সাত জন, ক্ষুব্ধ জনতা পিটিয়ে মারলো চিতাবাঘটিকে। জানা গেছে আলিপুরদুয়ার জেলার ফালাকাটা ব্লকের ধনীরামপুর এক নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায় কলি নদীর ধারে আচমকাই চিতাবাঘটি ঢুকে পড়ে। সেখানেই সামনে যাকে পেয়েছে তার উপরেই হামলা চালায়। এভাবে একে একে সাত জনের উপর হামলা চালিয়ে তাদের জখম করে চিতাবাঘটি। জখমদের উদ্ধার করে ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে ও বীরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে ওই হাসপাতাল দুটিতেই জখমরা চিকিৎসাধীন।এদিকে ক্ষুব্ধ গ্রামবাসীরা চিতাবাঘটিকে পেটাতে শুরু করে, গ্রামবাসীদের প্রহারে চিতাবাঘটির মৃত্যু হয়েছে বলে অনুমান বন দপ্তরের কর্মীদের। বন দপ্তরের দলগাঁও রেঞ্জের কর্মীরা খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে সোমবার চিতাবাঘটির দেহ উদ্ধার করে ময়না তদন্তে পাঠিয়েছেন। বন দপ্তরের জলপাইগুড়ি বিভাগের ডি এফ ও জানান চিতাবাঘের হামলায় সাত জন জখম হয়েছেন ফালাকাটার ধনীরামপুর গ্রাম পঞ্চায়েত এলাকায়। সেখান থেকে জখমদের উদ্ধার করে ফালাকাটা ও বীরপাড়া হাসপাতাল দুটিতে নিয়ে যাওয়া হয়েছে। ঘটনাস্থল থেকে চিতাবাঘটির মৃতদেহ উদ্ধার করা হয়। ময়না তদন্তের রিপোর্ট পেলেই চিতাবাঘটির মৃত্যুর সঠিক কারন জানা যাবে বলেও তিনি মন্তব্য করেন। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

# নাবালিকা এবং যুবকের আত্মহত্যা ঘিরে চাঞ্চল্য




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে ময়না তদন্তের পর কুমারগ্রাম থানার মধ্য হলদিবাড়ি এলাকার যুবক এর মৃতদেহ তার পরিবারের হাতে তুলে দিল কুমারগ্রাম থানা পুলিশ এমনটাই জানা গেছে মঙ্গলবার সন্ধ্যা ছয়টা নাগাদ। মৃত যুবকের বয়স ১৮ বছর তার নাম প্রমোদ সিং বড়ুয়া। অন্যদিকে কুমারগ্রাম থানা এলাকার এক নাবালিকার ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করা হয় একই দিনে। প্রেম সংক্রান্ত ঘটনার জেরেই যুবক এবং নাবালিকা আত্মহত্যা করেছে এমনটাই জানা গেছে এলাকার বাসিন্দাদের কাছ থেকে।

# নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগে গ্রেফতার যুবক




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জানুয়ারি : এক নাবালিকা কে যৌন নির্যাতনের অভিযোগে এক যুবককে গ্রেফতার করেছে সমর্থনা থানার পুলিশ নাবালিকাকে গর্ভবতী ঘোষণা করার পর পুলিশ ওই যুবককে গ্রেফতার করেছে ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানা এলাকায়। রবিবার সকালে নাবালিকা অসুস্থ বোধ করার পরেই তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে ভর্তি করা হয় তার চিকিৎসা চলতে থাকে জেলা হাসপাতালে সংকটের জন্য অবস্থায় তাকে ভর্তি করা হয়েছে জেলা হাসপাতালে জানিয়েছেন হাসপাতালে সুপার পরিতোষ মন্ডল। মঙ্গলবার হাসপাতালে সুপার জানিয়েছেন গর্ভপাত সম্পর্কিত ঔষধ খাওয়ার কারণে মেয়েটি মৃত্যুর হাত থেকে বেঁচে গেছে মঙ্গলবার তার অবস্থার সামান্য উন্নতি দেখালে দিলে তাকে আরও চিকিৎসার জন্য হাসপাতালে ক্রিটিক্যাল কেয়ার ইউনিটে স্থানান্তরিত করা হয় তবে হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে তার অবস্থা এখনো আশঙ্কা জনক সুপার আরো জানিয়েছেন যখন ভর্তি করা হয়েছিল তখন তার অবস্থা ছিল খুবই সংকটের জনক। এখনো বিপদ মুক্ত নয় নির্যাতিতার মায়ের লিখিত অভিযোগের ভিত্তিতে সমন্তলা থানার পুলিশ যুবককে গ্রেফতার করে আলিপুরদুয়ার আদালতে হাজির করে আদালত তাকে পুলিশ হেফাজতে পাঠানোর নির্দেশ দেন যৌন অপরাধ থেকে শিশুদের সুরক্ষা অর্থাৎ পক্সো আইনের প্রাসঙ্গিক ধারায় মামলা শুরু করা হয়েছে তার বিরুদ্ধে। উল্লেখ্য পরিবারের অসচেতনতার সুযোগ নিয়ে দীর্ঘ সময় ধরে নাবালিকাকে বারবার যৌন নির্যাতন করেছে যার ফলে শেষ পর্যন্ত সে গর্ভধারণ করেছে।

# ময়নাগুড়ির লক্ষ্মীর হাটে ভয়াবহ পথ দুর্ঘটনা ,আহত বেশ কয়েকজন



সুস্মিতা রায়, এই যুগ, ময়নাগুড়ি, ২৭ জানুয়ারি : ময়নাগুড়ি ব্লকের লক্ষ্মীর হাট এলাকায় সোমবার রাত প্রায় আটটা নাগাদ ঘটে গেল এক ভয়াবহ পথ দুর্ঘটনা। এই ঘটনায় বেশ কয়েকজন ব্যক্তি আহত হন, যার মধ্যে ৫ থেকে ৬ জনের অবস্থা গুরুতর বলে জানা গেছে।স্থানীয় সূত্রে জানা যায়, সোমবার সন্ধ্যায় একটি ছোট চারচাকা গাড়ি ময়নাগুড়ির দিক থেকে অত্যন্ত দ্রুত গতিতে এসে লক্ষ্মীর হাট বাজার এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে দাঁড়িয়ে থাকা কয়েকটি টোটোকে ধাক্কা মারে। সেই সঙ্গে বাজার করতে আসা কয়েকজন পথচারীকেও গাড়িটি ধাক্কা দেয়। আচমকা এই ঘটনায় বাজার এলাকায় চরম আতঙ্ক ছড়িয়ে পড়ে।দুর্ঘটনায় আহতদের দ্রুত উদ্ধার করে জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে ৫ থেকে ৬ জনের অবস্থা আশঙ্কাজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে। এছাড়াও দুর্ঘটনায় রাস্তার পাশে থাকা একটি দোকানও ক্ষতিগ্রস্ত হয়।খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ময়নাগুড়ি থানার পুলিশ। পুলিশ ঘাতক চারচাকা গাড়ি ও চালককে আটক করে থানায় নিয়ে যায়। । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।এই দুর্ঘটনার জেরে গোটা এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। স্থানীয় বাসিন্দারা প্রশাসনের কাছে ওই এলাকায় পর্যাপ্ত ট্রাফিক নিয়ন্ত্রণ, স্পিড ব্রেকার ও বেরিকেড বসানোর দাবি জানিয়েছেন, যাতে ভবিষ্যতে এই ধরনের দুর্ঘটনা এড়ানো যায়।

# ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী সভা করলেন ফালাকাটায়




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলার ফালাকাটা বিধানসভার অন্তর্গত ময়রাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের তিন মাইল হলং বাজার কালি মন্দির ময়দানে বিজেপির উদ্যোগে আয়োজিত হল পরিবর্তন সভা। এদিনের জনসভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব। এছাড়াও উপস্থিত ছিলেন ফালাকাটা বিধানসভার বিধায়ক দীপক বর্মণ সহ বিজেপির একাধিক জেলা ও স্থানীয় নেতৃত্ব।সভা মঞ্চ থেকে রাজ্য সরকারের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানান বিপ্লব দেব। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চা শ্রমিকদের উন্নয়নের জন্য একাধিক প্রকল্প ও আর্থিক সহায়তা পাঠালেও পশ্চিমবঙ্গে সেই সুবিধা চা শ্রমিকদের কাছে পৌঁছচ্ছে না। বিপ্লব দেব আরও বলেন, চা বাগানের শ্রমিকরা দিনের পর দিন কাজ করেও ন্যায্য মজুরি পাচ্ছেন না। নিজেদের বেতনের দাবিতে তাঁদের আন্দোলনে নামতে হচ্ছে। পাশাপাশি তিনি অভিযোগ করেন, চা বাগানের মালিকদের সঙ্গে তৃণমূল নেতৃত্বদের যোগসাজশ রয়েছে, যার ফল ভোগ করতে হচ্ছে শ্রমিকদের। সভা থেকে রাজ্যে পরিবর্তনের ডাক দেন বিজেপি নেতৃত্ব।

# নিম্নমানের কাজের অভিযোগ তুলে প্রায় এক কোটি টাকার রাস্তার কাজ বন্ধ করে দিলেন এলাকার বাসিন্দারা





মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জানুয়ারি : নিম্নমানের কাজের অভিযোগ তুলে কোটি টাকার রাস্তা কাজ বন্ধ করে দিলেন পূর্ব চিকলিগুড়ি এলাকার বাসিন্দারা। ঘটনায় ব্যাপক শোরগোল পড়ে গেছে এলাকায় । শাসকদলের আলিপুরদুয়ার জেলা পরিষদের সদস্যা কাজের মান নিয়ে আঙ্গুল তুললেন তার বাড়ির পাশের রাস্তাতেই। এমনটাই জানা গেছে ওই এলাকার বাসিন্দাদের কাছ থেকে মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অনুপ্রেরণায় প্রায় এক কোটি টাকার রাস্তার কাজ শুরু হয়েছে কিন্তু ওই এলাকার শাসকদলের পঞ্চায়েত সদস্য থেকে শুরু করে জেলা পরিষদের সদস্যা বিষয়টি জানেন না। এলাকার বাসিন্দারা নিম্নমানের কাজের অভিযোগ তুলে রাস্তার কাজ বন্ধ করে দিয়েছেন এরপরে বিষয়টি জানানো হয়েছে এলাকার পঞ্চায়েত সদস্য সিদ্ধার্থ দাস এবং জেলা পরিষদের সদস্যা অর্চিতা রায় কোঙ্গার কে। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে ২৩০০ মিটার রাস্তার জন্য বরাদ্দ ধরা হয়েছে ৯৫ লক্ষ টাকা তবে কোন সাইনবোর্ড এখনো পর্যন্ত লাগানো হয়নি। এছাড়াও সিমেন্টের কংক্রিট রাস্তা তৈরীর আগে পর্যাপ্ত পরিমাণে বালি পাথর ফেলানো হয়নি। এলাকার বাসিন্দারা চাইছেন সঠিকভাবে রাস্তার কাজ করা হোক। এছাড়াও ১০ ফুট চওড়া রাস্তা হওয়ার কথা থাকলেও সেই রাস্তা ৮ ফুট ৫ ইঞ্চি তৈরি হচ্ছে। প্রশ্ন উঠেছে রাস্তার কাজের মান নিয়ে কোটি টাকার রাস্তা হল এখনো সাইনবোর্ড লাগানো হয়নি কেন ? জেলা পরিষদের সদস্যা অর্চিতা রায় কোঙ্গার স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন রাস্তার কাজ হচ্ছে অথচ তাকে বিষয়টি জানানো হয়নি। খুবই নিম্নমানের কাজ করা হচ্ছে। এদিকে ঠিকাদার জানিয়েছেন বিষয়টি নিয়ে তিনি স্পষ্ট এখন কিছু বলতে পারবেন না।

# তিনটি স্টেশন পরিদর্শন করলেন ডিআরএম



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ জানুয়ারি : আলিপুরদুয়ার ডিভিশনের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার দেবেন্দ্র সিং সহ একাধিক অফিসার রেলের গুরুত্বপূর্ণ রেল স্টেশন গুলি পরিদর্শন করেছেন এমনটাই জানা গেছে আধিকারিক এর কাছ থেকে মঙ্গলবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। এদিন কোকরাঝাড়, নিউ কোচবিহার, বাসুগাঁও রেলস্টেশন পরিদর্শন করে প্লাটফর্মে থাকা যাত্রীদের সঙ্গে কথা বলেন। নিউ কোচবিহার স্টেশন পরিষ্কার পরিচ্ছন্ন করার নির্দেশ দিয়ে আসেন স্টেশনের দায়িত্বপ্রাপ্ত আধিকারিককে। এদিন বাসুগাঁও এবং শালাকাটি স্টেশনের মধ্যবর্তী ২৯১ নম্বর মাইনর ব্রীজ পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন ইঞ্জিনিয়ারদের। এছাড়া ২০৯ এবং ১৮৯ নম্বর সেতু পরিদর্শন করে সেতুর নিরাপত্তা অবস্থা খতিয়ে দেখেন। এছাড়াও বিভিন্ন লেভেল ক্রসিং গেট পরিদর্শন করে গেটের সংযোগকারী রাস্তাগুলি পরিদর্শন করেন।

# ফিল্মি কায়দায় পিছু ধাওয়া করে পুলিশ ট্রাক থেকে উদ্ধার করলো গাঁজা ,গ্রেপ্তার চালক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ২৭ জানুয়ারি : মুর্শিদাবাদ জেলা পুলিশ সোমবার রাতে গোপন সুত্রে খবর পায় একটি ট্রাকে করে গাঁজা পাচার হচ্ছে। খবর পেয়ে জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ, স্পেশাল টাস্ক ফোর্স ও সুতি থানার পুলিশ অভিযানে নেমে চাঁদপুর টোল প্লাজার কাছে নাকা চেকিং বসায়। বেশ কিছুক্ষন অপেক্ষার পর পুলিশের নজরে আসে নির্দিষ্ট ট্রাকটি নাকা পয়েন্টের দিকে আসছে। ট্রাক চালক আচমকা নাকা চেকিং দেখে দ্রুতগতিতে ট্রাকটি চালিয়ে নাকার সিগন্যাল ভেঙ্গে পুলিশের গাড়িকে ধাক্কা মেরে অন্য আরেকটি ট্রাককে ধাক্কা দিয়ে পালিয়ে যেতে থাকে। ধাক্কায় পুলিশের গাড়িটি ক্ষতি গ্রস্ত হয়। পুলিশ অন্য একটি গাড়ি নিয়ে ট্রাকটির পিছু ধাওয়া করে বেশ কিছু দূর গিয়ে আহিরনহাট পুলিশ চেকপোস্টে গিয়ে ট্রাকটিকে আটক করে। সেই সময় চালক তার কেবিন থেকে লাফিয়ে পালাতে উদ্যত হলে পুলিশ চালককেও ধরে ফেলে। সহকারী চালক পালিয়ে যায়, পুলিশ তার সন্ধান করছে। ট্রাক থেকে উদ্ধার হয় তিয়াত্তর কেজি গাঁজা। ট্রাক সহ গাঁজা বাজেয়াপ্ত করে চালককে গ্রেপ্তার করা হয়। পুলিশ জানায় সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে চালকের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। মঙ্গলবার ধৃতকে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ তদন্ত জারী রেখেছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |